

তুই কেবল থাকিস সরে সরে,
তাই পাস নে কিছুই হৃদয় ভরে ॥

আনন্দভাঙারের থেকে দূত যে তোরে গেল ডেকে—
কোণে বসে দিস নে সাড়া, সব খোয়ালি এমনি করে ॥

জীবনটাকে তোন্ জাগিয়ে,

মাঝে সবার আয় আগিয়ে ।

চলিস নে পথ মেপে মেপে আপনাকে দে নিখিল ব্যেপে—
যে ক'টা দিন বাকি আছে কাটাস নে আর ঘুমের ঘোরে ॥

Parjaay: Puja, Taal: Ektaal, Raag: Mishra-Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail